

▶ ভিডিও

📄 সাক্ষাৎকার

▶ ভিডিও

ভর্তি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা, অটো মাইগ্রেশনে নতুন নির্দেশনা

নিজস্ব প্রতিবেদক ঢাকা



By using this site, you agree to our Privacy Policy. OK

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) ২০২৩-২৪ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের স্বয়ংক্রিয় মাইগ্রেশন বন্ধ করার বিষয়ে নতুন নির্দেশনা দেওয়া হয়েছে। নির্দেশনায় শিক্ষার্থীদের করণীয় বিষয়ে জানানো হয়েছে। ভর্তি কমিটির বিজ্ঞপ্তিতে দেওয়া নির্দেশনায় বলা হয়েছে, আবেদনকারীদের বিষয় পছন্দক্রম অনুযায়ী দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ (প্রযোজ্য ক্ষেত্রে) পর্যায়ে বিষয়, বিভাগ বা ইনস্টিটিউট মনোনয়নপ্রাপ্তদের তালিকা প্রকাশের ক্ষেত্রে স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশন চলমান থাকবে। এ ক্ষেত্রে কোনো মাইগ্রেশন ফি প্রযোজ্য হবে না।

তবে কোনো ভর্তি-ইচ্ছুক আবেদনকারী যেকোনো পর্যায়ে বিষয়, বিভাগ বা ইনস্টিটিউট মনোনয়ন পেয়ে পরবর্তী পর্যায়ের স্বয়ংক্রিয় মাইগ্রেশন প্রক্রিয়ায় নতুন প্রাপ্ত বিষয়, বিভাগ বা ইনস্টিটিউট পেতে অনিচ্ছুক হলে তাঁকে সংশ্লিষ্ট ইউনিট কো-অর্ডিনেটর বরাবর প্রাথমিক ভর্তির দিনসমূহে স্বয়ংক্রিয় মাইগ্রেশন বন্ধ করার আবেদন করতে হবে। পরবর্তী পর্যায়ের স্বয়ংক্রিয় মাইগ্রেশনের প্রক্রিয়ায় বিষয়, বিভাগ বা ইনস্টিটিউট মনোনয়নপ্রাপ্তদের তালিকা প্রকাশের ন্যূনতম দুই কর্মদিবস আগে আবেদনে সংশ্লিষ্ট ইউনিট কো-অর্ডিনেটরের সম্মতি বা অনুমতি নিয়ে সংশ্লিষ্ট আবেদনকারীকে আইসিটি সেল বা হেল্প ডেস্কে যোগাযোগপূর্বক স্বয়ংক্রিয় মাইগ্রেশন বন্ধ নিশ্চিত করতে হবে। অন্যথায় স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশন চলমান থাকবে। ছাত্রছাত্রীর আবেদনের একটি কপি সংশ্লিষ্ট ইউনিট কো-অর্ডিনেটরের কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।

বিস্তারিত তথ্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির [ওয়েবসাইটে](#) পাওয়া যাবে।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy.